**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 06-07-2025** **Desk in Charge : Sudip B.**
**Time: 7.35 AM** **Editor & NR : Sudip B.**
**DEO : KB**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ –

১/ নারী নির্যাতন নিয়ে তৃণমূল স্তরে আইনি সচেতনতা বাড়াতে ত্রিস্তরীয় পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধি ও আধিকারিকদের প্রশিক্ষণ দেবে রাজ্য সরকার।

২/ বাংলার অস্তিত্ব রক্ষায়, 2026-এর বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেসকে ক্ষমতা থেকে অপসারণের আহ্বান জানিয়েছেন, রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য।
# চাকরীহারা শিক্ষক শিক্ষিকাদের একটি প্রতিনিধি দল, গতকাল বিজেপির সল্টলেকের অফিসে তাঁর সঙ্গে দেখা করেছে।

৩/ RG KAR চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ-খুন কান্ডে আগামী ৯'ই আগস্ট নবান্ন অভিযানের ডাক, নির্যাতিতার বাবা-মায়ের।

৪/ যথাযথ ধর্মীয় মর্যাদায় সারা দেশের সঙ্গে এরাজ্যেও মহরম পালিত হচ্ছে।
# আইন শৃঙ্খলা রক্ষায় বিশেষ ব্যবস্থা নিয়েছে প্রশাসন।

৫/ বিশিষ্ট রাজনিতিবিদ, শিক্ষাবিদ তথা জনসংঘের প্রতিষ্ঠাতা ডক্টর শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫-তম জন্ম বার্ষিকী, রাজ্যে যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালিত হচ্ছে।

******************************************************************

নারী নির্যাতন নিয়ে তৃণমূল স্তরে আইনি সচেতনতা বাড়াতে ত্রিস্তরীয় পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধি ও আধিকারিকদের প্রশিক্ষণ দিতে চলেছে রাজ্য সরকার। এই প্রশিক্ষণের মাধ্যমে ভারতীয় ন্যায় সংহিতা অনুযায়ী নারীর প্রতি অপরাধ সংক্রান্ত ধারা ও আইনগুলির বিষয়ে তাঁদের অবগত করানো হবে, যাতে তাঁরা নিজেদের এলাকায় প্রচার চালিয়ে জনসচেতনতা গড়ে তুলতে পারেন।

এই উদ্যোগের দায়িত্বে থাকবে পঞ্চায়েত দপ্তরের অধীনস্থ 'সোসাইটি ফর ট্রেনিং অ্যান্ড রিসার্চ অন পঞ্চায়েত অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট'। রাজ্যের ২২টি জেলাতেই প্রশিক্ষণের জন্য 'রিসোর্স পার্সন' নিযুক্ত করার তোড়জোড় শুরু হয়েছে। যাঁরা শিক্ষকতা, প্রশাসন বা সেনাবাহিনীর মতো ক্ষেত্র থেকে এসেছেন এবং যাঁদের আইনি বিষয়ে অভিজ্ঞতা রয়েছে তাঁদেরই প্রশিক্ষক হিসেবে বাছা হবে। ইচ্ছুকদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করে বিজ্ঞপ্তি জারি করেছে দপ্তর।

*********************

বিজেপি, ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেসকে ক্ষমতা থেকে সরানোর ডাক দিয়েছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য অভিযোগ করেন, রাজ্যে প্রশাসনিক ব্যবস্থার পুরোপুরি রাজনীতিকরণ হয়ে গেছে। রাজ্যে যত রাজনৈতিক হত্যা হয়েছে সব ক্ষেত্রেই নিহতের পরিবার সিবিআই তদন্তের দাবি জানিয়েছে। পাশাপাশি রাজ্যে মৌলবাদ ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। অন্যদিকে শিল্পায়নের ক্ষেত্রেও রাজ্য সরকার পুরোপুরি ব্যর্থ বলে শমীক বাবুর অভিযোগ। তিনি বলেন, রাজ্য সরকারের কোন জমি নীতি না থাকায় বহু রেল প্রকল্প আটকে রয়েছে। বাংলার অস্তিত্ব রক্ষায় মানুষকে এগিয়ে আসার আর্জি জানান তিনি।

( বাইট-শমীক)

*********************

নিজেদের দাবি-দাওয়া নিয়ে বিজেপির সদ্য দায়িত্বপ্রাপ্ত রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের সঙ্গে গতকাল সাক্ষাৎ করেছেন 'যোগ্য' চাকরিহারাদের কয়েকজন। বিজেপির সল্টলেক দফতরে 'যোগ্য' চাকরিহারাদের প্রতিনিধি হিসেবে সুমন বিশ্বাস-সহ কয়েকজন যান। তাঁদের সঙ্গে বেশ কিছুক্ষণ কথা বলেন শমীক বাবু। নিজেদের দাবি-দাওয়া সম্বলিত নথি

তাঁর হাতে তুলে দেন ‘যোগ্য’ চাকরিহারাদের প্রতিনিধিরা। চাকরিহারা শিক্ষক সুমন বিশ্বাস বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যে এলে তাঁরা নিজেদের সমস্যার কথা জানাতে চান। ‘যোগ্য’ চাকরিহারাদের নিয়ে রাজ্য সরকার কোনও পদক্ষেপ করছে না বলেও তাঁর অভিযোগ।

********************

আরজি কর হাসপাতালে চিকিৎসক পড়ুয়া অভয়ার ধর্ষণ কান্ডে ন্যায় বিচারের দাবিতে আগামী ৯’আগষ্ট, নবান্ন অভিযানের ডাক দিয়েছেন অভয়ার বাবা-মা।

গতসন্ধ্যায় সাংবাদিকদের কাছে অভয়ার বাবা জানান, তাদের মেয়ের মৃত্যুর দায় রাজ্য সরকার কোনোভাবে ঝেড়ে ফেলতে পারে না। সব রাজনৈতিক দলের পাশাপাশি, সমাজের সকল শ্রেণীর মানুষকে নবান্ন অভিযানে সামিল হওয়ার আহবান জানিয়েছেন তিনি।

(বাইট- অভয়ার বাবা )

অভয়ার বাবা অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী প্রশাসনিক ক্ষমতার অপব্যবহার করছেন। তাদের মেয়ে ন্যায় বিচার না পেলে কসবার মত ঘটনাও রাজ্যে ঘটতেই থাকবে। কসবা ল’কলেজে ধর্ষিতা ছাত্রী ও তার পরিবারের পাশে তাঁরা আছেন বলে অভয়ার বাবা জানিয়েছেন।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতসন্ধ্যায় পানিহাটিতে অভয়ার বাড়িতে গিয়ে তার বাবা মায়ের সঙ্গে সাক্ষাৎ করেন। শুভেন্দু বাবু বলেন, তারা লাগাতার আর জি কর ইস্যুতে আন্দোলন চালিয়ে যাচ্ছেন। আদালতের তত্বাবধানে তদন্তকারী সংস্থার সঠিক তদন্তের মাধ্যমে ন্যায় বিচার ছিনিয়ে আনতে অরাজনৈতিকভাবে এই আন্দোলনে প্রয়োজন তারাও সামিল হবেন।

( বাইট- শুভেন্দু )

********************

কসবার সাউথ ক্যালকাটা ল’ কলেজে গণধর্ষণের ঘটনায় পুলিশ প্রসাশনের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে ‘লালবাজার অভিযানে’র ডাক দিয়েছে প্রদেশ কংগ্রেস।

আগামী ১০ তারিখ কলকাতা বিশ্ব বিদ্যালয়ের সামনে জমায়েত করে লালবাজার অভিমুখে, মিছিল রওনা হবে। দলের রাজ্য সভাপতি শুভঙ্কর সরকার গতকাল বলেন, RG KAR–এর ঘটনা থেকে রাজ্য সরকার শিক্ষা নেয়নি। পুলিশের একাংশ শাসকদলের সঙ্গে যুক্ত হয়ে অপরাধীদের আড়াল করার চেষ্টা করছে।

********************

রাজ্যের আর্থিকভাবে পিছিয়ে পড়া শ্রেণির নাগরিকরা যাতে দ্রুত EWS সার্টিফিকেট পান রাজ্যের অনগ্রসর শ্রেণি কল্যাণ দফতর সেবিষয়ে উদ্যোগী হয়েছে। এই সার্টিফিকেটের আবেদন পড়া মাত্র তা দ্রুত নিস্পত্তি করতে হবে বলে সম্প্রতি একটি চিঠি পাঠিয়ে জেলাশাসক ও মহকুমাশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, সরকারি চাকরি ও উচ্চশিক্ষার ক্ষেত্রে EWS শ্রেণির জন্য ১০ শতাংশ সংরক্ষণের ব্যবস্থা রয়েছে।

********************

পূর্ব বর্ধমানের কাটোয়ার রাজুয়া গ্রামে বিষ্ফোরণে প্রাণহানির ঘটনায় দলের প্রাক্তন কাউন্সিলার জঙ্গল শেখের লোকেদের 'হাত' আছে বলে কাটোয়ার বিধায়ক তথা তৃণমূল কংগ্রেসের জেলা সভাপতি রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায় অভিযোগ করেছেন। তাঁর এবং দলের লোকেদের ওপর হামলা চালাতেই বোমা বাঁধা হচ্ছিল বলে দাবী করেছেন তিনি।

( বাইট- বিধায়ক রবীন্দ্রনাথ )

উল্লেখ্য, রাজুয়া গ্রামে একটি পরিত্যাক্ত বাড়িতে গতরাতে বিষ্ফোরণে বরকত শেখ নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। তুফান চৌধুরী নামে এক আহতকে বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তুফান দাগী আসামি বলে পুলিশ সূত্রের খবর।
বিষ্ফোরণের তদন্তে ফরেন্সিক বিশেষজ্ঞরা আজ ওই গ্রামে যাবেন বলে জানা গেছে।

********************

উত্তর ২৪ পরগণার ব্যারাকপুরের একটি বেসরকারি নার্সিং হোমে গণ্ডগোলের অভিযোগে বিজেপি নেতা কৌস্তভ বাগচীকে পুলিশ ফের তলব করেছে। এর আগে প্রথম তলব এড়িয়ে যান পেশায় আইনজীবী কৌস্তভ। আগামী মঙ্গলবার তাঁকে মোহনপুর থানায় ডেকে

পাঠানো হয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন। যদিও সেদিন তিনি যাবেন কি না তা নোটিশ পাওয়ার পর স্পষ্ট করেননি কৌস্তভ।

*********************

দেশ জুড়ে আজ পালিত হচ্ছে শোকের মুহাররম। মুহাররম শব্দের অর্থ নিষিদ্ধ বা নিষেধ। মহরমের ১০ তারিখটি বিশেষ মর্যাদাসম্পন্ন দিন, যাকে বলা হয় আশুরা। গুরুত্বপূর্ণ এই মাসটিতে শিয়ারা আশুরাকে কারবালার বিষাদময় ঘটনা স্মরণ করে পালন করা হয় মহরম।

মুর্শিদাবাদ থেকে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন-

( ভয়েস কাস্ট- মামুন )

মহরম উপলক্ষে আইনশৃঙ্খলা নিয়ন্ত্রণে কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জায়গায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।

*********************

বিশিষ্ট রাজনীতিবিদ, শিক্ষাবিদ, জনসঙ্ঘের প্রতিষ্ঠাতা ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫তম জন্ম বার্ষিকী রাজ্যে যথাযোগ্য মর্যাদার সঙ্গে পালন করা হচ্ছে। এই উপলক্ষ্যে কলকাতা ময়দানে তার মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানাবেন মন্ত্রিসভার সদস্য অরূপ রায়। এছাড়াও নবান্ন ও বিধানসভা ভবনেও দিনটি মর্যাদার সঙ্গে পালন করা হবে।

বিজেপির সদর কার্যালয়ে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তির পাদদেশে এক অনুষ্ঠানে শ্রদ্ধা জানাবেন রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য সহ রাজ্য নেতৃত্ব। এরপর রেড রোডেও শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তির পাদদেশে শ্রদ্ধা জ্ঞাপন অনুষ্ঠানে রাজ্য সভাপতি সহ রাজ্য বিজেপির নেতারা উপস্থিত থাকবেন।

শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় ১২৫তম জন্মবার্ষিকী উদযাপন সমিতির উদ্যোগে ভারত সভা হলে আজ এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। রাজ্যসভার প্রাক্তন সাংসদ রূপা গাঙ্গুলী এবং জন্মবার্ষিকী উদযাপন সমিতির সভাপতি শিশির অধিকারী সেখানে উপস্থিত থাকবেন।